

**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE-501T/370**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-501T

(বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 20 = 20$

- ১। ‘শিশু ভোলানাথ’ কাব্যটি প্রথম কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- ২। “দারিদ্র্য করে না দীন, ধূলি তোরে করে না অশুচি,” পঙ্ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?
- ৩। “ধীরে ধীরে পৌঁছয় সে/সকল বারের পরে”—এখানে কোন্ বারের কথা বলা হয়েছে?
- ৪। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম সাল উল্লেখ করো।

- ৫। রবীন্দ্রনাথ ঠাকুরের শিশু-সংক্রান্ত আরেকটি কাব্যের নাম লেখো।
- ৬। 'শিশু ভোলানাথ' কাব্যের প্রথম কবিতার নাম কী?
- ৭। 'ভোলানাথ' বলতে 'শিশু ভোলানাথ' কাব্যে কাকে বোঝানো হয়েছে?
- ৮। 'শিশু ভোলানাথ' কাব্যের কবিতাগুলি প্রকাশিত হয়েছে এমন একটি পত্রিকার নাম লেখো।
- ৯। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার কোথায় জন্মগ্রহণ করেন?
- ১০। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের পিতার নাম লেখো।
- ১১। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।
- ১২। 'ঠাকুরমার ঝুলি' কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?
- ১৩। 'ঠাকুরমার ঝুলি' ছাড়া দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের অন্য একটি গ্রন্থের নাম লেখো।
- ১৪। 'ঠাকুরমার ঝুলি' সংকলনটি কয়টি খণ্ডে বিভক্ত?
- ১৫। 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলো কোন্ অঞ্চল থেকে সংগৃহীত?
- ১৬। 'ঠাকুরমার ঝুলি'র মোট গল্প সংখ্যা কত?
- ১৭। বাংলা সাহিত্যে 'শিশুসাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

- ১৮। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর জন্ম সাল কত?
- ১৯। 'সন্দেশ' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
- ২০। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পৌত্রের নাম কী?
- ২১। পাঠ্যগ্রন্থটি ছাড়া উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর অন্য একটি গ্রন্থের নাম লেখো।
- ২২। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পিতৃদত্ত নাম কী ছিল?
- ২৩। 'টুনটুনির বই' কত সালে প্রকাশিত হয়?
- ২৪। 'টুনটুনির বই'-এ মোট গল্পের সংখ্যা কত?
- ২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পূর্বপুরুষদের আদি নিবাস কোথায় ছিল?
- ২৬। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মাতার নাম কী ছিল?
- ২৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৌলিক উপাধি কী ছিল?
- ২৮। 'সীতার বনবাস' গ্রন্থটির রচয়িতা কে?
- ২৯। 'বর্ণপরিচয়' বইটি কার লেখা?
- ৩০। হিন্দু বিধবা বিবাহ আইন কবে প্রবর্তিত হয়?
- ৩১। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ছদ্মনাম কী ছিল?

- ৩২। 'স্বাস্থ্যবিলাস' গ্রন্থটি কোন গ্রন্থ থেকে অনূদিত ?
- ৩৩। 'অচেনা অজানা বিবেকানন্দ' বইটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- ৩৪। 'বিবেকানন্দ ও সমকালীন ভারতবর্ষ' গ্রন্থটি কার লেখা ?
- ৩৫। "চেয়েছিলাম শিবকে, পেলাম এক ভূতকে।" বক্তা কে ?
- ৩৬। স্বামী বিবেকানন্দের ছোটবেলার ডাক-নাম কী ছিল ?
- ৩৭। স্বামী বিবেকানন্দের বিদেশি শিষ্যা নিবেদিতার পূর্ব নাম কী ছিল ?
- ৩৮। স্বামী বিবেকানন্দের গর্ভধারিণীর নাম কী ?
- ৩৯। স্বামী বিবেকানন্দ কত খ্রিস্টাব্দে টিকাগো ধর্ম মহাসম্মেলনে যোগদান করেন ?
- ৪০। স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সম্মাসী হয়েছিলেন ?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ৪১। 'শিশু ভোলানাথ' কাব্যের দ্বিতীয় ও শেষ কবিতাটির নাম কী ?
- ৪২। 'শিশু ভোলানাথ' কাব্যে মোট কয়টি কবিতা আছে ? এটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন পর্বের রচনা ?

10-21/409

(Continued)

- ৪৩। রূপকথা বলতে কী বোঝ ?
- ৪৪। 'ঠাকুরমার ঝুলি'র ভূমিকা কে লিখেছিলেন ? 'ঠাকুরমার ঝুলি' গল্পে কয়টি ছড়া রয়েছে ?
- ৪৫। শিশুসাহিত্যের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- ৪৬। বাংলা শিশুসাহিত্যের দ্বিতীয় পর্যায়ের দুইজন শিশুসাহিত্যিকের নাম লেখো।
- ৪৭। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ-সংস্কারমূলক দুটি গ্রন্থের নাম লেখো।
- ৪৮। সাহিত্য অকাদেমি প্রকাশিত 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থটির লেখক কে ? এই গ্রন্থের বাংলা অনুবাদকের নাম কী ?
- ৪৯। স্বামী বিবেকানন্দের পিতৃদত্ত নাম কী ? তারা ভাইবোন ক'জন ছিলেন ?
- ৫০। স্বামী বিবেকানন্দ কার সঙ্গে মামলায় জড়িয়েছিলেন ? তিনি কার শিষ্যত্ব গ্রহণ করেছিলেন ?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৫১। রবীন্দ্রনাথ ঠাকুরের 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।
- ৫২। 'শিশু ভোলানাথ' কাব্যে মা ও শিশুর সুমধুর সম্পর্কের কবিত্বময় বর্ণনা রয়েছে—আলোচনা করো।

10-21/409

(Turn Over)

৫৩। “মাতৃতান্ত্রিক মেহলক্ক জীবনের আলোকময় স্পর্শে শিশুজীবনের পূর্ণতা ঘোষণা ‘ঠাকুরমার ঝুলি’র গল্পগুলোর মুখ্য উদ্দেশ্য।” বিশদ করো।

৫৪। “‘ঠাকুরমার ঝুলি’ মূলত শিশুসাহিত্য হিসাবে উল্লিখিত হলেও এতে গ্রাম বাংলার সমাজ-সংস্কৃতি, বিশ্বাস ও রীতিনীতি আশ্চর্যরকমভাবে উৎসারিত।” তোমার পাঠ্য গল্প অবলম্বনে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

৫৫। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘টুনটুনি আর রাজার কথা’ গল্প অবলম্বনে তৎকালীন সমাজ-জীবনের যে ছবি চিত্রিত হয়েছে তা আলোচনা করো।

৫৬। “উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ‘শিয়ালপাণ্ডিত’ গল্পটি শিশু মনস্তত্ত্বের গল্প হলেও এই গল্পে উপস্থাপিত হয়েছে নীতিকথার চূড়ান্ত পরিণতি।” আলোচনা করো।

৫৭। তোমার পাঠ্য ‘ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর’ গ্রন্থ অবলম্বনে ঈশ্বরচন্দ্রের জীবনী সংক্ষেপে আলোচনা করো।

৫৮। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ‘শিক্ষার সংস্কার’-এর ক্ষেত্রে যে ভূমিকা পালন করেছেন তোমার পাঠ্যগ্রন্থ অবলম্বনে তা আলোচনা করো।

৫৯। শংকরের ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের ‘সন্ন্যাসী ও গর্ভধারিণী’ পাঠ অবলম্বনে স্বামী বিবেকানন্দের মাতার সংগ্রামময় জীবন সম্পর্কে আলোকপাত করো।

৬০। শংকরের ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের ‘সন্ন্যাসী ও গর্ভধারিণী’ পাঠ অবলম্বনে স্বামী বিবেকানন্দের পরিবারের প্রতি দায়বদ্ধতা সম্পর্কে আলোচনা করো।
